রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৮, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ অক্টোবর ২০০৬/১ কার্তিক ১৪১৩

এস, আর, ও নং ২৫৯-আইন/২০০৬।—Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) এর section 109 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ঢাকা মেট্রোপলিটন পুলিশ (আচরণ) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"অধ্যাদেশ"** অর্থ Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976);

(খ) **"অতিরিক্ত কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার;

(গ) **"অধঃস্তন কর্মকর্তা"** অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের ইন্সপেক্টর, সার্জেন্ট, সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, নায়েক ও কনস্টেবল;



মূল্য ঃ টাকা ৬.০০

(ঘ) **"উপ–কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২)এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, যুগ্ম-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) **"উর্ধ্বতন কর্মকর্তা"** অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশে কর্মরত সহকারী পুলিশ কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তা;

(চ) **"কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(১) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার;

(ছ) **"কর্তৃপক্ষ"** অর্থ পুলিশ কমিশনার বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন উর্ধ্বতন কর্মকর্তা;

(জ) **"কর্মকর্তা"** অর্থ অধঃস্তন বা উর্ধ্বতন কর্মকর্তা;

(ঝ) **"থানা"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898) এর section 4(l)(s) এর অধীন সরকার কর্তৃক ঘোষিত এবং নির্ধারিত এলাকা যা প্রধানতঃ পুলিশের তদন্ত ইউনিট;

(ঞ) **"ফৌজদারী কার্যবিধি"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898);

(ট) **"সহকারী কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার এবং , ক্ষেত্রমত, অতিরিক্ত পুলিশ উপ-কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঠ) **"ধারা"** অর্থ অধ্যাদেশের কোন section ।

৩। **সরকারী কর্মচারী আচরণ বিধি (Government Servant's Conduct Rules)** ।—সরকারী কর্মচারী (আচরণ) বিধি, ১৯৭৯ এবং সরকারী কর্মচারী (শৃংখলা এবং আপীল) বিধি, ১৯৮৫ এবং সময় সময় প্রযোজ্য অন্যান্য বিধি/বিধান ও প্রবিধান ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং উহার সংযুক্ত বেসরকারী কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। **দায়িত্ব পালনে অবহেলা (Neglect of Duty)** ।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা যুক্তিসংগত এবং আইনসংগত কারণ ছাড়া দায়িত্ব পালন হইতে বিরত থাকিবেন না।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল সদস্য দ্রুত ও দক্ষতার সহিত (Promptitude and diligence) কোন দায়িত্ব পালন করিতে ব্যর্থ হওয়া বা অবহেলা করা বা করা হইতে বিরত থাকিবেন না।

(৩) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন সদস্য—

(ক) নির্দেশ অনুসারে তাহার বিটে (Beat) দায়িত্ব পালন করিতে ব্যর্থ হইবেন না;

(খ) তাহাকে যে স্থানে দায়িত্ব পালন করিবার জন্য নির্দেশ প্রদান করা হইয়াছে সেই স্থান ত্যাগ করিবেন না; অথবা

(গ) যুক্তিসঙ্গত কারণ ব্যতীত কর্মস্থল ত্যাগ করিবেন না এবং যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হইতে ব্যর্থ হইবেন না।

৪। ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন সদস্য শারীরিক অসুস্থ্যতা, চিকিৎসার প্রয়োজনে অথবা অপ্রত্যাশিত কোন ঘটনার প্রেক্ষিতে কর্মস্থলে অনুপস্থিত থাকিলে তাহাকে অবশ্যই উক্ত সংবাদ যতশীঘ্র সম্ভব তাহার উর্ধ্বতন পদমর্যদার সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

৫। **নির্দেশ পালনে ব্যর্থতা (Disobedience to Orders)**।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রত্যেক সদস্য তাহার উর্ধ্বতন কর্মকর্তার সকল আইনানুগ আদেশ এবং নির্দেশ পালন করিতে বাধ্য থাকিবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা যুক্তিসঙ্গত কারণ লিখিতভাবে লিপিবদ্ধ না করিয়া কর্তৃপক্ষের আইনানুগ আদেশ বা নির্দেশ পালনে বিরত বা অবহেলা করিবেন না।

(৩) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রত্যেক কর্মকর্তা সংশ্লিষ্ট আইন, বিধি, প্রবিধান এবং লিখিত আদেশ ও নির্দেশ অনুসারে তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পর্কে সম্যকভাবে ওয়াকিবহাল থাকিবেন।

(৪) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রত্যেক কর্মকর্তা সকল সময় সকল আইনানুগ আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং তাহার অফিসের পরিধিভুক্ত সকল দায়িত্ব সময়মত ও দ্রুততার সহিত পালন করিবেন এবং এইরূপ আদেশ ও নির্দেশ পালনে ব্যর্থতা কর্তৃপক্ষের অবাধ্যতা বলিয়া গণ্য হইবে।

(৫) চাকুরীর প্রয়োজন অনুসারে উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক অধঃস্তন কর্মকর্তার বরাবরে প্রদত্ত সকল লিখিত আদেশ বা নির্দেশ অথবা মৌখিক আদেশ বা নির্দেশ অবশ্যই সুস্পষ্ট ও বোধগম্য ভাষায় প্রদান করিতে হইবে এবং আদেশ ও নির্দেশ প্রদানের পদ্ধতি মার্জিত এবং পেশাগত প্রকৃতির হইতে হইবে।

(৬) কোন আদেশ বা নির্দেশ এর প্রকৃতি এবং পরিধির বিষয়বস্তু সম্পর্কে কোন কর্মকর্তার নিকট অস্পষ্টতা দেখা দিলে তিনি উহা তাৎক্ষণিকভাবে আদেশ বা নির্দেশ প্রদানকারীর নিকট হইতে ব্যাখ্যা প্রার্থনা করিবেন।

(৭) কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ বা নির্দেশ পূর্ববর্তী কোন আদেশ, বিধি অথবা নির্দেশনার সহিত সাংঘর্ষিক হইলে উহা পরবর্তীতে অবশ্যই আদেশ বা নির্দেশ প্রদানকারীর দৃষ্টিতে আনিতে হইবে।

৬। **জাতীয় স্বার্থ বিরোধী কার্যাবলী (Anti-national conduct)**।—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা রাষ্ট্রের নিরাপত্তা এবং স্বাধীনতার পরিপন্থি হয় অথবা রাষ্ট্রের বা সাংবিধানিকভাবে প্রতিষ্ঠিত কোন সরকারে সুনামের জন্য ক্ষতির কারণ হইতে পারে এইরূপ কোন কার্য করিবেন না।

৭। **অসম্মাজনক কার্যাবলী (Discreditable Conduct)**।— ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা তাহার চাকুরীর নিয়মানুবর্তিতা অথবা শৃংখলার পরিপন্থী হয় অথবা পুলিশ বিভাগের সুনামের জন্য ক্ষতিকর হয় এইরূপ কোন কার্য করিবেন না।

৮। **কর্মকর্তার অযোগ্যতা (Disqualifications for an officer)**।—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা নিম্নবর্ণিত কার্যের ক্ষেত্রে অযোগ্য বলিয়া গণ্য হইবেন, যথাঃ—

(ক) কোন রাজনৈতিক দলের সদস্য হওয়া;

(খ) জাতীয় সংসদ, মিউনিসিপ্যালিটি, জেলা অথবা স্থানীয় প্রতিনিধিত্বমূলক কাউন্সিলের সদস্য হওয়া;

(গ) নির্বাচন কর্মকর্তা হিসাবে জাতীয়, মিউনিসিপ্যালিটি অথবা স্থানীয় নির্বাচনে কোন প্রার্থীর পক্ষে কাজ করা।

৯। **ট্রেড ইউনিয়নের সদস্য হইবার ক্ষেত্রে বাধা (Prohibited from being a member of trade union)**।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা কোন ট্রেড ইউনিয়ন বা অনুরূপ কোন ইউনিয়ন বা ট্রেড ইউনিয়ন বা শিল্প সম্পর্কিত আইনের অধীন কোন সংগঠনের সদস্য হইবেন না।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা পুলিশ এসোশিয়েশনের ও সরকার কর্তৃক স্বীকৃত সেবামূলক প্রতিষ্ঠানের সদস্য হইতে পারিবেন এবং সৎ উদ্দেশ্যে এই ধরণের সভায় অংশগ্রহণ করিতে পারিবেন।

১০। **রাজনৈতিক কর্মসূচীতে অংশগ্রহণ নিষিদ্ধ (Forbidden to participate in any political demonstration)**।— ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান ব্যতীত কোন রাজনৈতিক সভা, বিক্ষোভ, সমাবেশ এর আয়োজন কিংবা উহাতে অংশ গ্রহণ করিতে পারিবেন না।

১১। বিভাগের কার্যকলাপের জন্য ক্ষতিকর এইরূপ পেশায় যোগদানে বাধা **(Forbidden to engage in any profession detrimental to the departmental work)**।—ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল কর্মকর্তা সার্বক্ষণিকভাবে পুলিশের কাজে নিয়োজিত থাকিবেন এবং সেইলক্ষ্যে কখনও নিম্নবর্ণিত কাজে নিয়োজিত হইতে পারিবেন না, যথা ঃ—

(ক) এমন কোন ধরণের কাজ, চাকুরী অথবা কার্যকলাপ গ্রহণ যাহার ফলশ্রুতিতে পুলিশ কর্মকর্তা হিসাবে তাহার দক্ষতা এবং প্রয়োজনীয়তা হ্রাস পায় ও পুলিশের চাকুরীর স্বার্থের সাথে সাংঘর্ষিক হয় অথবা পুলিশ কর্মকর্তা হিসাবে তাহার মর্যাদা হ্রাস পায়;

(খ) ব্যবসা পরিচালনা করে অথবা ব্যবসা, বাণিজ্য, কৃষি বা শিল্প প্রতিষ্ঠানকে পারিশ্রমিকের বিনিময়ে ব্যক্তিগতভাবে চাকুরী বা কাজ করা।

১২। সরকারী নিলামে অংশগ্রহণ নিষিদ্ধ **(Forbidden to participate Government auction)**।—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা সরকারের পূর্বানুমোদন ব্যতীত সরকারী নিলামে অংশ গ্রহণ করিয়া কোন সরকারী সম্পত্তি ক্রয় করিতে পারিবেন না।

১৩। কোম্পানীর শেয়ার অর্জন নিষিদ্ধ **(Forbidden to hold a acquiring shares in any company)**।— (১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা সরকারের পূর্বানুমোদন ব্যতীত এমন কোন কোম্পানীর শেয়ার ক্রয় করিতে পারিবে না, যাহার কার্যক্রম ঢাকা অথবা শহরতলিতে বা শহরের উপকণ্ঠে বা দেশের যে কোন স্থানে পরিচালনা করা হয়।

(২) যখন ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা উপ-বিধি (১) এ বর্ণিত কোম্পানীর শেয়ার মালিকানা উত্তরাধিকার বা দানসূত্রে অর্জন করিবেন সেই ক্ষেত্রে উক্ত অর্জনের বিষয়টি তিনি তাৎক্ষণিকভাবে কমিশনারকে অবহিত করিবেন।

১৪। পুলিশ অফিসার কর্তৃক অর্জিত বা দখলীয় সম্পত্তির পরিচালনা, হস্তান্তর **(Control over property held by or acquired by a police officer)**।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল কর্মকর্তা ও কর্মচারী, সাধারণ অথবা বিশেষ আদেশের বিধান সাপেক্ষে, নির্ধারিত ফরমে তাহার নিজের এবং পরিবারের সদস্যদের মালিকানাধীন সময় সময় অর্জিত স্থাবর এবং অস্থাবর সম্পত্তির প্রকৃতি, পরিধি এবং মূল্যমানের ঘোষণা তাহার নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রদান করিবেন।

(২) শেয়ার, ষ্টক ও অন্যান্য সিকিউরিটি, স্বর্ণ, মটরগাড়ী, মটর সাইকেল, রেফ্রিজারেটর এবং অন্যান্য মূল্যবান দ্রব্যাদি ও অস্থাবর সম্পত্তির ঘোষণা প্রদান করিবার সময় উহার ক্রয়মূল্য উল্লেখ করিতে হইবে।

(৩) সম্পত্তি অর্জনের পদ্ধতি স্পষ্ট ও দ্ব্যর্থহীনভাবে প্রদান করিতে হইবে অর্থাৎ সম্পত্তি বেতন হইতে সঞ্চয় করিয়া অথবা অন্যান্য উৎস হইতে আয় করিয়া অথবা উত্তরাধিকার সূত্রে বা অন্য কোন উপায়ে ক্রয় করা হইয়াছে কি না উহার উল্লেখ থাকিতে হইবে।

১৫। **সরকারী সম্পত্তির ক্ষতি সাধন (Loss of Govt property)** ।—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা বা কর্মচারী (civilian staff) ত্রুটি, অবহেলা অথবা নির্দেশ অমান্যের কারণে সরকারী অথবা ঢাকা মেট্রোপলিটন পুলিশের (DMP) মালিকানাধীন কোন সম্পত্তির ক্ষতি, ধ্বংস অথবা অনিষ্ট সাধিত হইলে সেইক্ষেত্রে উক্ত সম্পত্তির মূল্যমান প্রদর্শনপূর্বক উহা সংস্কার বা ক্ষতিপূরণ দানের জন্য কমিশনার তাহাকে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

১৬। **অধঃস্তনদের ব্যক্তিগত কাজে ব্যবহার (Using subordinates for private purposes)** ।—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ তাহাদের অধঃস্তর কর্মচারীদের কখনই নিম্ন-বর্ণিত কাজে নিয়োজিত করিতে পারিবে না, যথাঃ—

(ক) তাহাদের ভৃত্য হিসাবে নিয়োজিত করা;

(খ) ব্যক্তিগত কাজে ব্যবহারে জন্য তাহাদের নিয়োজিত করা; অথবা

(গ) গৃহস্থালী প্রকৃতির কাজে তাহাদের খেয়ালখুশীমত নিয়োজিত করা।

১৭। **তথ্যসমূহ গোপনীয়তার সহিত সংরক্ষণ (Confidentially of information shall be maintained)** ।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ দায়িত্ব পালনরত বা ছুটিতে থাকা অবস্থায়—

(ক) রাজনৈতিক বা আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে বিরোধ দেখা দিতে পারে এইরূপ কোন তথ্য অথবা মতামত প্রকাশ বা প্রচার করিবেন না;

(খ) রাজনৈতিক, ধর্মীয় বক্তব্য অথবা সাম্প্রদায়িক (sectarian) মূলক মতামত প্রদান হইতে এড়াইয়া চলিবেন এবং দাপ্তরিক কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে কঠোর নিরপেক্ষতা গ্রহণ করিবেন;

(গ) দাপ্তরিক দায়িত্বের আওতায় প্রাপ্ত তথ্যাদির ব্যক্তিগত কপি করা বা সকল দলিলাদি, পোষ্টার নথি, ইলেকট্রিক তথ্যাদি, ডাটা অথবা অন্য যে সকল তথ্যাদি দায়িত্বপ্রাপ্ত হিসাবে প্রদত্ত হইবেন সেইগুলি ব্যক্তিগত কাজে কপি বা জনসাধারণ্যে বা গণমাধ্যমের নিকট প্রকাশ করিবেন না;

(ঘ) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সরকারী নীতি, অভ্যন্তরীণ নিরাপত্তা অথবা পুলিশের আচরণ (Police practice) সম্পর্কে প্রশ্নের উত্তর প্রদান বা সাক্ষাৎকার প্রদান করা হইতে বিরত থাকিবেন।

(২) পুলিশ কর্মকর্তার নিকট যে সকল ব্যক্তি বা কোম্পানীর তথ্যাদি থাকিবে উহার গোপনীয়তা অবশ্যই রক্ষা করিতে হইবে, বিচার বিভাগীয় কার্যক্রমের জন্য উহা প্রকাশ করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এর বিধান নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা ঃ—

(ক) যে ক্ষেত্রে তথ্য এবং মতামত, লেকচার, বক্তৃতা এবং ভাষণের মাধ্যমে প্রকাশিত হয় এবং যাহার বিষয় করা হইয়াছে অথবা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপ্রাপ্ত হইয়া পুলিশ কর্মকর্তা হিসাবে পেশাগত দায়িত্ব পালনের সময় সদ্‌বিশ্বাসে প্রদান করা হইয়াছে; অথবা

(খ) যে ক্ষেত্রে তথ্য অথবা মতামত কোন নিবন্ধে (article) প্রকাশিত অথবা অন্য কোন ধরণের সাহিত্যকর্মে প্রকাশ করা হইয়াছে, উহার বিষয়বস্তু সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হইয়াছে অথবা বর্ণিত পেশাগত দায়িত্ব পালনের ন্যায় ডকুমেন্টটি কোন ফাইল অথবা অন্য সাময়িকীর জন্য প্রস্তুত করা হইয়াছে।

১৮। **পুলিশ বিভাগের সদস্যদের সাথে আচরণ (Conduct towards a member of a police force)**।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল কর্মকর্তা দায়িত্ব পালনের সময় একজন পুলিশ কর্মকর্তা হিসাবে অবশ্যই সাধারণ লোকজন এবং পুলিশ বাহিনীর অন্যান্য সদস্যদের প্রতি বিনয়ী, সজ্জনসুলভ এবং সদয় (courteous and polite) হইবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাগণ দাপ্তরিক কার্যাবলী সম্পাদনের সময় একজন অন্যজনকে ভদ্রতার সহিত সম্বোধন করিবেন (adress each other with civility observing norms of disciplines) এবং কোনক্রমেই এইরূপ সম্বোধন অন্যান্যের প্রতি তাহার আচরণ নিপীড়নমূলক বা হয়রানীমূলক হইবে না (never be oppresive or abusive)।

১৯। **জনসাধারণকে সহায়তা প্রদান (Render assistance to members of public)**- (১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল কর্মকর্তা ও কর্মচারী জনসাধারণ কর্তৃক অভিযোগ দায়ের বা তথ্য সংগ্রহের জন্য আসিলে তাহাদেরকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা প্রদান করিবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল কর্মকর্তা ও কর্মচারী সমাজের স্পর্শকাতর শ্রেণীর (vulnerable group) বিশেষ করিয়া শিশু, নারী, বৃদ্ধ এবং শারীরিক বা মানসিকভাবে বৈকল্যে ভুগিতেছেন এইরূপ ব্যক্তিদের প্রতি সদয় হইবেন এবং ক্ষেত্রমত সম্মানের সহিত আচার-আচরণ করিবেন।

২০। মিথ্যা অথবা বাধা প্রদান (Falsehood or prevention)— ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা জানিয়া শুনিয়া অবহেলাবশতঃ মিথ্যা, বিভ্রান্তিমূলক অসত্য মৌখিক বা লিখিত বক্তব্য প্রদান, যে কোন ধরনের রেকর্ড তৈরী বা দলিল প্রস্তুত, সংরক্ষণ করা অথবা ইচ্ছাকৃতভাবে এবং সমতা না থাকা সত্ত্বেও বা যথাযথ সতর্কতা অবলম্বন না করিয়া পুলিশের কাজের জন্য প্রয়োজনীয় এমন কোন প্রস্তুতকৃত রেকর্ড ধ্বংস বা ছিঁড়িয়া বা কাটিয়া ক্ষতিগ্রস্ত (mutilate) করা, কিংবা দলিল তৈরী প্রস্তুত করা বা উত্তম এবং যুক্তিসঙ্গত কারণ ব্যতীত রেকর্ড এন্ট্রি, রেকর্ড দলিল পরিবর্তন বা পরিমার্জন বা সংযোজন করা বা কোন এন্ট্রি, রেকর্ড দলিল অথবা পুলিশ বাহিনীতে তাহার নিয়োগের বা চাকুরীর ক্ষেত্রে জানিয়া শুনিয়া অবহেলাবশতঃ মিথ্যা বিভ্রান্তিমূলক বা অসত্য বিবৃতি বা বক্তৃতা প্রদান করা হইতে বিরত থাকিবেন।

২১। দুর্নীতি বা অবৈধ আচরণ (Corrupt or improper practice) ।—কোন পুলিশ কর্মকর্তা উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত—

(ক) পুলিশ বাহিনীর সদস্য হিসাবে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আনুতোষিক বা পারিশ্রমিক, উপহার বা উপঢৌকণ বা চাঁদা, (gratuity, Present or subscription) গ্রহণ করিবেন না;

(খ) এমন কোন ধরণের আর্থিক লেনদেনের সহিত জড়িত হইবেন না যাহাতে পুলিশ বাহিনীর সদস্য হিসাবে তাহার দায়িত্ব ও কর্তব্য পালনে বাধার সৃষ্টি করে;

(গ) পুলিশ বাহিনীর সদস্য হিসাবে তাহাকে ব্যক্তিগত স্বার্থ সিদ্ধির জন্য ব্যবহার করা হয় বা ব্যবহারের প্রচেষ্টা চালানো হয় এরূপ কার্যে জড়িত হইবেন না;

(ঘ) ব্যক্তিগত দাবী আদায় অথবা প্রতিশোধ গ্রহণের (redress of grievences) জন্য পুলিশ বিভাগে তদ্বীর করার নিমিত্ত অতিরিক্ত চাপ প্রয়োগ হয় এইরূপ কার্য করিবেন না;

(ঙ) পুলিশ বাহিনীর সদস্য হিসাবে কোন ব্যক্তির চাকুরী লাভের ক্ষেত্রে সুপারিশ অথবা কোন ব্যক্তির লাইসেন্স প্রাপ্তির নিমিত্ত তাহার আবেদনপত্রে সমর্থন করিবেন না।

২২। ক্ষমতার অপব্যবহার (Abuse of authority) ।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা কোন বন্দী ব্যক্তিকে অথবা তাহার দায়িত্ব পালনের ক্ষেত্রে যে যাহাদের সহিত যোগাযোগ করিয়াছে তাহাদের প্রতি অযৌক্তিকভাবে নির্যাতন, নিষ্ঠুর আচরণ অথবা জনসাধারণের কোন নাগরিকের প্রতি অসৌজন্যমূলক আচরণ করিবেন না।

(২) কোন পুলিশ কর্মকর্তা উপ-বিধি (১) এ উল্লিখিত বিধান লংঘন করিলে তিনি ক্ষমতার অপব্যবহার করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

২৩। **অরুচিকর পোষাক পরিধান ও অপরিচ্ছন্ন থাকা** (Improper dress and untidiness)।— ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা দায়িত্ব পালনের সময় বা অন্য কোন সময় অরুচিকর পোষাক পরিধান করিবেন না এবং অপরিচ্ছন্ন থাকিবেন না।

(২) দায়িত্ব পালনের সময় ধুমপান করিবেন না।

২৪। **বাহিনীর ঐক্যের জন্য ক্ষতিকারক কার্যকলাপ ( Damaging the unity of the force)**।—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা পুলিশ বাহিনীর সদস্যদের মধ্যে ধর্মীয়, গোত্র বা সাম্প্রদায়িক কারণে ঐক্যে ক্ষতিকারক হয় অথবা বাহিনী নিরপেক্ষ নয় অথবা বাহিনীর সুনাম ও ভাবমূর্তি ক্ষুন্ন হয় এইরূপ কোন কার্যকলাপ করিবেন না।

২৫। **বিভিন্ন শাখার কর্মকর্তাদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ( Co-operation between officers of different branches)**।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রত্যেক কর্মকর্তা যতদুর সম্ভব তাহাদের দায়িত্ব পালনের সময় অথবা উক্তরূপ দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রয়োজনীয়তা দেখা দিলে তদানুসারে তাহাদের সামর্থ অনুযায়ী একে অপরকে সাহায্য-সহযোগিতা প্রদান করিবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল সদস্যকে অনুধাবন করিতে হইবে যে, প্রত্যেক শাখারই সম্মিলিত যৌথ দায়িত্ব হইতেছে আইনশৃঙ্খলা রক্ষা করা এবং অপরাধীদেরকে দমন করা।

(৩) যে সকল কর্মকর্তার এখতিয়ারাধীন এলাকায় অপরাধী বা সংঘবদ্ধ দল রহিয়াছে উহাদের উৎখাত এবং খুঁজিয়া বাহির করা এবং চিহ্নিত করিবার জন্য পুলিশ কর্মকর্তাগণ একে অপরের সহিত ঘনিষ্ঠ সহযোগিতা প্রদান করিবেন।

(৪) সহযোগিতা প্রদানের বিষয় সময় সময় অপরাধ বিষয়ক কনফারেন্স এবং বিশেষ সহযোগিতামূলক সভার আয়োজন করিতে হইবে এবং এই ধরণের সভায় শুধুমাত্র অপরাধ দমন, অপরাধী চিহ্নিত করা এবং আইন শৃংখলা পরিস্থিতির উন্নতির বিষয়ে আলোচনা হইবে না উক্ত সভায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রশাসনিক বিষয়েও আলোচনা করিতে হইবে এবং উক্ত কনফারেন্স এবং সভার কার্যবিবরণী সভায় সভাপতিত্বকারী কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী লিখিতে হইবে এবং ব্যবস্থা গ্রহণের জন্য উহা বিতরণ করিতে হইবে।

(৫) ঢাকা মেট্রোপলিটন পুলিশের যে সকল কর্মকর্তার এখতিয়ারাধীন এলাকা বাংলাদেশ পুলিশের কোন ইউনিটের নিকটবর্তী হইবে সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত ইউনিটের কর্মকর্তার সহিত সকল সময় ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখিবেন।

**২৬। পুলিশ কর্মকর্তাদের অধিকার লংঘন (Police officer`s rights when indicted)।**—(১) ফৌজদারী অপরাধের জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তাকে যদি গ্রেফতার করা হয় অথবা কোন আদালত কর্তৃক কোন কর্মকর্তার বিরুদ্ধে সমন ইস্যু করা হয় সেইক্ষেত্রে উক্ত পুলিশ কর্মকর্তা বিষয়টি তাৎক্ষণিকভাবে কমিশনারকে অবহিত করিবেন।

(২) ধারা ১০৬ এর বিধান অনুসারে আইনসঙ্গতভাবে পুলিশ কর্মকর্তার দায়িত্ব পালনের সময় কৃতকার্যের ফলে কোন মামলা উদ্ভবের কারণ হইয়া থাকিলে সেইক্ষেত্রে উক্ত কর্মকর্তার সরকারী খরচে মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন।

**২৭। তদন্তের ক্ষেত্রে অবহেলার জন্য দায়ী (Liable to be questioned of deliquency during enquiry)।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সকল কর্মকর্তা দাপ্তরিক তদন্তের সময় তাহার দায়িত্ব পালনকালীন সময়ে সম্পাদিত কাজের যে কোন ধরণের বিষয় কার্যধারা বা বিষয় সম্পর্কে যে কোন প্রশ্নের জবাব প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন কর্মকর্তা উপ-বিধি (১) এ উল্লিখিত প্রশ্নের জবাব প্রদান করিতে ব্যর্থ হইলে উহা তাহার বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত কারণ বলিয়া বিবেচিত হইবে।

**২৮। দায়িত্ব পালনকালীন সময়ে সম্মান প্রদর্শন (Showing respect to dignatories when on duty)**—কর্তৃপক্ষ দ্বারা ভিন্নরূপ নির্দেশিত না হইলে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কোন কর্মকর্তা কর্তৃক সড়ক পথ বা রাস্তায় দায়িত্ব পালনকালীন সময়ে দায়িত্ব পালনে ক্ষতি করিয়া কোন ব্যক্তিকে বিশেষ সম্মান প্রদর্শন হইতে বিরত থাকিবেন।

**২৯। মানবাধিকার সংরক্ষণ (Protection of human rights)**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রত্যেক কর্মকর্তা তাহার দায়িত্ব পালনকালীন সময়ে মানুষের সুনাম এবং মর্যাদার প্রতি সম্মান প্রদর্শন করিবেন এবং প্রত্যেক ব্যক্তির মানবাধিকার রক্ষায় আগ্রহী ও যত্নবান হইবেন।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রত্যেক কর্মকর্তা আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্য হিসাবে যে কোন ধরণের নিপীড়নমূলক কাজ বা নিষ্ঠুরতা, অমানবিক বা অসৌজন্যমূলক আচরণ বা শাস্তি প্রদানযোগ্য কোন বিষয়কে চাপানো বা উৎসাহ প্রদান বা বরদাস্ত (inflict, intigate or tolerate) করিবেন না।

(৩) দেশে যুদ্ধ, যুদ্ধের হুমকী, জাতীয় নিরাপত্তার জন্য হুমকী, স্থানীয় রাজনৈতিক অস্থিরতা অথবা অন্য কোন ধরনের রাষ্ট্রীয় বা জাতীয় প্রয়োজনে ও উক্তরূপ নিষ্ঠুর, অমানবিক বা খারাপ আচরণ বা অসৌজন্যমূলক আচরণকে সমর্থন করা যাইবে না।

(৪) ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রত্যেক কর্মকর্তা তাহার হেফাজতে (custody) থাকা ব্যক্তিদের স্বাস্থ্য এবং পরিচ্ছন্নতার প্রতি অবশ্যই যত্নবান হইবেন এবং স্বাস্থ্যগত অবনতি পরিলক্ষিত হইলে অবশ্যই জরুরী ভিত্তিতে সুচিকিৎসার ব্যবস্থা গ্রহণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাহাঙ্গীর হোসেন চৌধুরী

উপ-সচিব(পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।